# ডস ও প্রাসঙ্গিক বিষয় – ৩য় পর্ব

এফ আই ( FI) প্রোগ্রামের অন্য প্রয়োজনীয় সুইচগুলো হচ্ছে C, D এবং L, FI/C এই নির্দেশ টি দিলে, যে সব ফাইলে তথ্য সংযোজন করা হয়েছে কেবল সেগুলোর তালিকাই দেখা যাবে। FI/D নির্দেশটি, তথ্য মুছে ফেলার (delete) জন্য ব্যবহৃত হয়। FI/L নির্দেশ দানের ফলে Long format -এ পুরো তথ্যটাই দেখা সম্ভব হয়ে উঠে। FI প্রোগ্রামটি ব্যবহার করার ফলে FILEINFO.FI নামে একটি ফাইল তৈরি হয়, খেয়াল রাখতে হবে যেন এই ফাইলটি মুছে না যায়। FI প্রোগ্রামের সাথে সর্বজ্ঞাপক চিহ্ন (Wild card) ব্যবহার করা সম্ভব, FI *. DOC/ E এই নির্দেশের সাহায্যে DOC এই এক্সটেনশন যুক্ত সব ফাইলেই তথ্য সংযোজন করা যাবে। সর্বজ্ঞাপক চিহ্ন সম্বন্ধে এই প্রবন্ধে পরে বলা হয়েছে।

ফাইলের নামের পাশে তথ্য সংযোজনের জন্য গত সংখ্যায় PROFINDER নামক একটি File Management বা ফাইল ব্যবস্থাপনা প্রোগ্রামের নাম উল্লেখ করা হয়েছিল। এই প্রোগ্রামের সাহায্যে ফাইল সংক্রান্ত বহু প্রয়োজনীয় কাজ সহজে করা সম্ভব। কোন একটি বিশেষ ফাইল কোথায় আছে (Root Directory, Directory অথবা Sub-Directory), উদ্দিষ্ট নাম বা বাক্যাংশ সমূহ কোন ফাইলের অন্তর্গত জানার জন্য অথবা ফাইল সংশ্লিষ্ট প্রোগ্রামটি না চালিয়েও ফাইলটি তাৎক্ষণিকভাবে দেখার জন্য কিংবা ফাইল কপি (Copy) অথবা স্থানান্তরিত ( Move) করার জন্য, ফাইলের তারিখ (Date) এবং সময় (Time) পরিবর্তনের জন্য এই প্রোগ্রামটি অত্যন্ত উপযোগী।


ব্যবহারকারী এই প্রোগ্রামটি হার্ড ডিস্ক অথবা ফ্লপি ডিস্ক থেকে চালাতে পারেন। PF টাইপ করে এন্টার (Enter) চাবি টিপলে প্রোগ্রামটি চালু হবে। চিত্র ১(ক)তে প্রোগ্রামটি চালু হবার পর প্রোগ্রাম ডিস্কের ফাইল গুলোর তালিকা দেখা যাচ্ছে। তথ্য সংযোজনের কাজটি খুবই সোজা, Tab চাবিটা টিপে কার্সরটিকে ( Cursor) ফাইলের তালিকার একেবারে ডানদিকে নিয়ে আসতে হবে, তারপর প্রয়োজনীয় তথ্যটি টাইপ করলেই চলবে (চিত্র১, খদ্রষ্টব্য)। সংযোজিত তথ্য সম্পূর্ণভাবে মুছে ফেলার জন্য F3 চাবি টিপতে হবে। তথ্য আংশিকভাবে মুছে ফেলতে হলে ব্যাকস্পেস (Backspace) চাবি ব্যবহার করতে হবে।

ওয়ার্ড পারফেক্ট ৫.১ এ ASCII অথবা ওয়ার্ডপারফেক্ট-এর সাহায্যে তৈরি ফাইলের তালিকায় তথ্য সংযোজনের জন্য Setup অং-শটিতে যথাবিহিত নির্দেশ থাকা প্রয়োজন। SHIFT -F1 চাবি টিপে Set Up Option থেকে Environment নির্বাচন করতে হবে। এরপর আবার Environment এর অন্তর্ভুক্ত Document Management Summary নির্বাচন করতে হবে। সবশেষে Document Management Summary অপশন থেকে Long document বেছে নিয়ে তার পাশে Yes টাইপ করতে হবে। চিত্র ২ (ক) এ পর্যায়ক্রমিক ভাবে নির্দেশ দানের পদ্ধতিটি দেখানো হয়েছে। F7 চাবি টিপে setup টি save করতে হবে। যেকোন ফাইল তৈরি করার পর ফাইলটি ধারণ (save) করার জন্য F7 অথবা F10 চাবি টিপলে পর্দায় Long Document name দেয়ার জন্য নির্দেশ ভেসে উঠবে। এটির উত্তরে সর্বোচ্চ ৬৮ টি অক্ষর সম্বলিত (খালি জায়গা বা space সমেত) বর্ণনা প্রদান করার পর আবার পর্দায় ভেসে উঠবে Long Document Type এটির উত্তরে, ফাইলের প্রকৃতি অনুযায়ী Letter বা document অথবা ব্যবহারকারী প্রদত্ত নাম টাইপ করতে হবে।

এরপর Document to be saved এই প্রশ্নের উত্তরে ফাইলের নাম দিতে হবে। উদাহরণ হিসেবে প্রথম প্রশ্নের উত্তরে টাইপ করা হয়েছে Jami's Home work, ২য় প্রশ্নের উত্তরে টাইপ করা হয়েছে Home work, তৃতীয় প্রশ্নের উত্তরে টাইপ করা হয়েছে JAMISCL1, ওয়ার্ডপারফেক্ট এই ফাইলের প্রকৃতি বা টাইপ সরাসরি জুড়ে ফাইলের নাম করণ করেছে JAMISCL1. HOM. এরপর ফাইলের তালিকার জন্য F5 চাবি টিপলে পর্দায় যা ফুটে উঠেছে সেটাই চিত্র ২ (খ) তে দেখা যাচ্ছে। প্রথমে Descriptive Name এই শিরোনামের তলায় প্রদত্ত তথ্য অর্থাৎ Jami's Home work, Type শিরোনামের তলায় Home work এবং File name শিরোনামের তলায় JAMISCL 1. HOM ও অন্যান্য তথ্য দেখা যাচ্ছে।

এখন কথা হচ্ছে, যাঁদের কাছে FI (Norton Utility Verson 4.5 এর অন্তর্গত), NDOS ( Norton Utility version 6 এর অন্তর্গত ) অথবা W P 5.1 এর কোনটাই নেই তাঁরা কিভাবে ফাইলের তালিকায় তথ্য সংযোজন করবেন। তাঁদের জন্য লেখকের পরামর্শ হলো, সরাসরি DOS এর সাহায্য নেয়া। ধরা যাক, Drive A তে রক্ষিত ফ্লপি ডিস্কের ফাইলগুলোর তালিকার পাশে তথ্য সংযোজন করতে হবে। Dos Prompt এ গিয়ে লিখতে হবে DIR A :>A: \ DIR _A. DOC ( এই নির্দেশটি দেবার syntex হচ্ছে DIR<Source DRIVE><Destination Drive><FILENAME>। DIR A: এর পরে যে > চিহ্নটি দেয়া হয়েছে এটাকে output redirection চিহ্ন বলা হয়। এর অর্থ হচ্ছে DIR এর ফলাফলটি DIR_ A. DOC ফাইল পাঠানো হোক। এ জায়গায় যদি DIR> PRN নির্দেশ দেওয়া হতো তাহলে Printer এ সুইচ অন থাকা সাপেক্ষে DIR এর তালিকাটি ছাপা হতো। সারণীতে REDIRECTION সম্পর্কে তথ্য প্রদান করা হলো।

DIR_A.DOC বা ব্যবহারকারী প্রদত্ত নামের ফাইল তৈরি হবার পর DOS 5 এর এডিট প্রোগ্রামটি চালু করে মেনু থেকে OPEN অপশন বেছে নিয়ে DIR _ A.DOC ফাইলটি লোড করতে হবে। এর পর ফাইলের পাশে তথ্যগুলো টাইপ করার পর ফাইলটি save করে প্রোগ্রাম থেকে বের




চিত্র১ (ক): PROFINDER প্রোগ্রাম চালু হবার পর ড্রাইভ A: এ রক্ষিত প্রোগ্রাম সমূহের তালিকা, কার্সরটিকে PFINST. EXE ফাইলের উপর দেখা যাচ্ছে।

হয়ে যেতে হবে।

এরপর তথ্য সম্বলিত DIR_ A. DOC দেখার জন্য দুটো পন্থা অবলম্বন করা যেতে পারে। একটি হচ্ছে EDIT প্রোগ্রামে DIR_ A: DOC ফাইলটি দেখা অথবা DOS প্রম্পটে গিয়ে নির্দেশ দেওয়া DIR_A. DOC ৷ MORE (নির্দেশের পরে অবশ্যই এন্টার চাবি টিপতে হবে)। নির্দেশ দানের ফলে Pause mode-এ বর্ণনা সম্বলিত DIR_A. DOC ফাইলটি দেখা যাবে।

DOS এর নিয়ম অনুযায়ী [ চিহ্নটিকে বলা হয় Pipe। যে নির্দেশটির কথা বলা হলো সেটা ব্যবহার করার জন্য অবশ্যই DOS directory তে MORE. COM ফাইলটি থাকতে হবে এবং কমপিউটারের Root Directoryতে রক্ষিত AUTO EXEC. BAT ফাইলের Path line এ DOS directory র অন্তর্ভূক্তি থাকতে হবে। এর পরেও আরেকটা সমস্যার উদ্ভব হতে পারে, যেমন ডাইরেকটরীতে অথবা ফ্লপি ডিস্কে আবার কাজ করার জন্য ফাইলের নাম অথবা ফাইলের সংখ্যা বাড়তে অথবা কমতে পারে। তখন প্রথম ফাইলের পাশে প্রদত্ত বর্ণনা সংশোধন করার প্রয়োজন হবে অথবা নতুন ফাইলের পাশে বর্ণনাও সংযোজন করতে হতে পারে। FI, NDOS অথবা Profinder এর বা WP 5.1 এর সাহায্যে সমস্যাটি সমাধান করা খুবই সহজ। কিন্তু শুধু ডস-এর আওতায় থেকে যে সমাধানের কথা বলা হয়েছে সেখানে এ পরিস্থিতিতে আবার Redirction এর সাহায্য নিতে হবে। তখন নির্দেশ দিতে হবে DIR A: >> A. DIR_A. DOC তাহলে ডাইরেক্টরীর নতুন তালিকা, পূর্বের তথ্যের ঠিক নীচে সংযোজিত হবে। এরপর EDIT প্রোগ্রামটি চালু করে DIR_ A. DOC ফাইলটি লোড করে তথ্য সংযোজন বা পরিমার্জন করলেই চলবে। যে ফাইলটি নেই সেই ফাইলটির নাম মুছে ফেলতে হবে।

DIR নির্দেশের সাথে সর্বজ্ঞাপক চিহ্ন ব্যবহার করে বিভিন্ন কাজ সমাধা করা সম্ভব। সর্বজ্ঞাপক চিহ্ন হচ্ছে দুইটি, একটি হলো তারকা (•) অপরটি প্রশ্নবোধক চিহ্ন (?)। সর্বজ্ঞাপক চিহ্ন বা Wild

## সারণী

REDIRECTION চিহ্ন ও ব্যবহার

| চিহ্ন | উদ্দেশ্য |
|---|---|
| < | DEVICE থেকে তথ্যগ্রহণ করা (INPUT) DEVICE সমূহের বিবরণ নিম্নে প্রদত্ত হলো। |
| > | DEVIEC এ তথ্য পাঠানো (OUTPUT) |
| >> | ফাইলে পূর্বে রক্ষিত তথ্য বিনষ্ট না করে বর্তমান তথ্য পাঠানো (Out put to files without over writing existing text ) |
| **DEVICE-এর নাম** | **বর্ণনা** |
| CON | অর্থ হলো CONsole, ইনপুটের জন্য কীবোর্ড আর আউটপুটের জন্য স্ক্রীন (মনিটরের পর্দা)। |
| COM1 | প্রথম সিরিয়াল (COMmunication) পোর্ট। |
| COM 2 | দ্বিতীয় সিরিয়াল (COMmunication) পোর্ট। |
| COM 3 | তৃতীয় সিরিয়াল (COMmunication) পোর্ট। |
| COM 4 | চতুর্থ সিরিয়াল (COMmunication) পোর্ট। |
| AUX | COM1 এর আর একটি নাম AUXiliary port |
| LPT 1 | প্রথম প্যারালাল প্রিন্টার (Line PrinTer) পোর্ট। |
| LPT2 | দ্বিতীয় প্যারালাল প্রিন্টার। |
| LPT 3 | তৃতীয় প্যারালাল প্রিন্টার। |
| PRN | LPT 1 এর সমার্থক (PRiNter) |
| FILE NAME . EXT | যদিও ফাইলকে যথাযথভাবে ডিভাইস হিসাবে গণ্য করা যায় না তথাপি মাঝে মাঝে ডিভাইস হিসাবে ফাইল এর ব্যবহার আছে। যেমন REDIRECTION-এর ক্ষেত্রে। |

```
A:\*,*                                         Created by Jetson Industries, In
PF        EXE  164573  9-29-91 11:00p
PFINST    EXE   51958  2-01-90  6:00p  This is the installation programme
EXTLIST   PF       69  2-01-90  6:00p
USERSYM   PF      274  2-01-90  6:00p
USERMENU  PF      628  2-01-90  6:00p
QUITMENU  PF      128  2-01-90  6:00p
PF        HLP   27922  2-01-90  6:00p

Number of files: 7          Bytes used: 245,536          Bytes left: 112,6

1Help  2     3Clear  4     5     6     7     8     9     10
```

চিত্র ১ (খ) : কার্সরটিকে একেবারে ডান দিকে এনে তথ্যটি লেখা হয়েছে, তলার মেনু দেখলে বোঝা যাবে F3 চাবি টিপলে তথ্যটি মুছে যাবে, আর F1 টিপলে HELP বা সহায়ক বর্ণনা জানা যাবে।

```
Setup
1 - Mouse
2 - Display
3 - Environment
4 - Initial Settings
5 - Keyboard Layout
6 - Location of Files

Environment
1 - Backup Options
2 - Beep Options
3 - Cursor Speed
4 - Document Management/Summary
5 - Fast Save (unformatted)
6 - Hyphenation
7 - Prompt for Hyphenation
8 - Units of Measure
9 - Alternate Keyboard
    (F1 - Help, Esc - Cancel, F3 - Repeat)

Document Management/Summary
1 - Create Summary on Save/Exit
2 - Subject Search Text
3 - Long Document Names  <----  Yes
4 - Default Document Type         LETTER
```

চিত্র ২ (ক): ওয়ার্ড পারফেক্ট ৫.১ এ ফাইলের নামের পাশে তথ্য সংযোজনের জন্য SETUP অংশটিতে যথাযথ নির্দেশ দানের পর্যায়ক্রমিক ধাপসমূহ।


অনায়াস সাধ্য। ধরা যাক ব্যবহারকারী NOTE.DOC নামক একটি ফাইল তৈরী করবেন, যাতে তিনি প্রতি দিনের কাজের কিছু বিবরণী বা নোট লিখবেন। প্রথম দিনের (3 NOV 1991) বিবরণী হচ্ছে At 10 : 30 AM, MEETING AT ABC COMPAY, ২য় দিনের (4 NOV, 1991) NOTE হচ্ছে 2:45 PM. SUBMIT REPORT TO ABC COMPANY, ডস প্রম্পটে থেকে প্রথম লাইনে টাইপ করতে হবে COPY CON NOTE. DOC (লাইনের পর ENTER চাবি টিপতে হবে), ২য় লাইনে টাইপ করতে হবে 2NOV, 1991 10:30 AM MEETING AT ABC COMPANY, এর পর ENTER চাবি টিপে তৃতীয় লাইনে গিয়েF6 চাবি (অথবা CTRL এবং Z চাবি এক সাথে টিপলে) পর্দায় ফুটে উঠবে One File Copied। এখন ২য় দিনে গিয়ে যদি COPY CON NOTE. DOC টাইপ করে ২য় দিনের বিবরণী বর্ণিত পদ্ধতিতে লেখা হয় তাহলে কিন্তু আগের বিবরণী নষ্ট হয়ে যাবে। ২য় দিনে গিয়ে লিখতে হবে COPY NOTE .DOC + CON NOTE.DOC, তারপর বিবরণী আগের নিয়মেই লিখলেই চলবে।

ফাইলটি ছাপতে গেলে নির্দেশ দিতে হবে COPY NOTE. DOC PRN। File এর বিষয়বস্ত সংশোধনী করার জন্য ডস এর EDIT প্রোগ্রাম ব্যবহার করা যেতে পারে। EDIT প্রোগ্রাম চলার জন্য EDIT প্রোগ্রাম যে ডাইরেক্টরীতে আছে, সেই ডাইরেক্টরীতে QBASIC.EXE এই ফাইলটি থাকা প্রয়োজন। QBASIC হচ্ছে একটি আধুনিক BASIC ইন্টারপ্রেটার। QBASIC - এ প্রোগ্রাম লেখা অনেকের কাছেই আনন্দদায়ক বলে মনে হবে, লাইন নাম্বারের কোন ঝামেলা নেই, PASCAL এর মতো FREE FORM STRUCTERED প্রোগ্রাম এতে লেখা যায় BAS এক্সটেনশন যুক্ত যে প্রোগ্রামগুলো ডস এর সাথে পাওয়া যায় সেগুলো QBASIC এর আওতায় এনে চালালে বোঝা যাবে এখনকার BASIC কত উন্নততর। তবে যাঁরা BASIC প্রোগ্রাম COMPILE করতে চান তাঁদের দরকার পড়বে, মাইক্রোসফটের BASIC PDS 7.1 অথবা QUICK BASIC 4.5 অথবা বোরল্যাণ্ডের TURBO BASIC। এই কমপাইলারগুলোর BASIC PDS 7.1 হচ্ছে সবচেয়ে PROFESSIONAL।

আগামী সংখ্যায় ডস ৫.০ এর FORMAT, DOSKEY ইত্যাদি নির্দেশগুলো নিয়ে আলোচনার মধ্যে এই প্রবন্ধটি চতুর্থ পর্বে সমাপ্ত হবে। •

(চলবে)

**আগামী সংখ্যায় ইউনিক্সের উপরে লেখা প্রকাশিত হবে।**




চিত্র ৬ঃ COPY নির্দেশের সাহায্যে কেমন করে ফাইলের তারিখ (বা সময় অথবা দুটোই) পরিবর্তন করা যায় সেটাই শুধু তারিখ পরিবর্তনের উদাহরণ দিয়ে দেখানো হলো। Syntax হচ্ছে Copy <File name > +,, তার আগে তারিখটা ঠিক করে নিতে হবে।


**'P' for Property**
**'P' for Protection**
*and*
**'P' for Peoples**

**'Peoples' for protection of your property**



**Peoples Insurance Co. Ltd.**
A GREAT NAME IN INSURANCE
Head Office : Corner Court, 29, Toyenbee Circular Road
Motijheel Commercial Area, Dhaka
Tel : PABX - 235826, 244166, 243089, 243490, 243080